



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, রংপুর
মোহনা হাউজিং (২য় তলা), আর.কে. রোড, ইসলামবাগ,
রংপুর-৫৪০০
www.cooperative.rangpur.gov.bd



নম্বর: ৪৭.৬১.৮৫০০.০০০.০০০.২৭.০০০২.১৯.২৪৫৬

তারিখ: ৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বিন্দু থেকে সিল্কু সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং ১৪৯, তারিখঃ ০৪.১০.২০১৫ খ্রি., গ্রামঃ ধুমেরকুটি, পোঃ ধুমেরকুটি, উপজেলাঃ কাউনিয়া, জেলাঃ রংপুর। সমিতির ২০২৩-২০২৪ সনের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় ২০২৩-২০২৪ সনে কর্তৃক দান খাতে ১৭,০৩,৬০,১৫০ টাকা, বেতনভাতা খাতে ৬০,৬৬,০০০ টাকা, কমিটির সম্মানী খাতে ২৩,৯০,৭৫০, সাধারণ মুনাফা খাতে ৭৬,৪৬,১৮৭ টাকা, সঞ্চয় মুনাফা খাতে ১,৩৮,৩০৭ টাকা, পেনশন মুনাফা খাতে ৯৪,৮২,২৪৪ টাকা প্রদান এবং পেনশন তহবিল খাতে ৮,৬২,২৭,৯৮০ টাকা, নিরাপত্তা তহবিল খাতে ২,১৯,১৮,২৭৭, এককালীন খাতে ১৩,৫৬,১৬৫ টাকা গ্রহণ করা হয়েছে। কিন্তু উল্লিখিত নিরীক্ষাবর্ষে সমিতি কর্তৃপক্ষ কর্তৃক কোনো বাজেট অনুমোদন করা হয়নি। সমিতির ২০২৩-২০২৪ সনের নিরীক্ষা প্রতিবেদনের পর্যবেক্ষণ ১৫ অংশে সমিতিতে লেনদেনের ক্ষেত্রে ভাউচার ব্যবহার করা হয়না মর্মে নিরীক্ষা কর্মকর্তা মন্তব্য করেছেন। অধিকন্তু সমিতি ব্যাংকিং কার্যক্রমের অনুরূপ যেমন এফডিআর কার্যক্রম পরিচালনা, সমিতি কর্মকর্তা/কর্মচারীগণের সার্ভিস রুলস ছাড়া বিপুল পরিমাণ বেতন ভাতা প্রদান, বিধি বহির্ভূতভাবে ব্যবস্থাপনা কমিটির সম্মানীভাতাও প্রদান করছে।

এমতাবস্থায় প্রতীতি জন্মেছে যে, সমিতির সার্বিক কার্যক্রম সমবায় সমিতি আইন, সমবায় সমিতি বিধিমালা এবং নিবন্ধক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সার্কুলার মতে পরিচালিত হচ্ছেনা। সার্বিক বিবেচনায় উল্লিখিত সমিতির বিগত নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে বিন্দু থেকে সিল্কু সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর সার্বিক কার্যক্রম সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধনী, ২০০২, ২০১৩) এর ৪৯(১)(ঘ) ধারার ভিত্তিতে তদন্তের আদেশ প্রদান করা হলো এবং তদন্তের জন্য জনাব এ এইচ এম তারিকুল শরীফ, উপজেলা সমবায় অফিসার, কাউনিয়া, রংপুরকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হলো।

তদন্তকারী কর্মকর্তা একই আইনের ৪৯(২)(ক) ধারা মোতাবেক উল্লিখিত সমিতির **বিগত পাঁচ বছরের** সার্বিক কার্যক্রম তদন্ত করবেন এবং সমবায় সমিতি আইন, সমবায় সমিতি বিধিমালা ও সংশ্লিষ্ট সার্কুলার মোতাবেক তদন্ত সম্পাদন করে দুইপত্র তদন্ত প্রতিবেদন আগামী ১১.০৯.২০২৫ খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়ে দাখিল করবেন।

২১-০৮-২০২৫
মোঃ ফরিদ উদ্দিন সরকার
জেলা সমবায় কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
০২৫৮৯৯৬২৭০২
dco_rangpur@yahoo.com

নম্বর: ৪৭.৬১.৮৫০০.০০০.০০০.২৭.০০০২.১৯.২৪৫৬/১ (২)

তারিখ: ৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। এ এইচ এম তারিকুল শরীফ, উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, উপজেলা সমবায়

অফিস, কাউনিয়া, রংপুর।

২। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, বিন্দু থেকে সিন্ধু সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ, গ্রামঃ ধুমেরকুঠি, পোঃ ধুমেরকুঠি,
উপজেলাঃ কাউনিয়া, জেলাঃ রংপুর।।



২১-০৮-২০২৫

মোঃ ফরিদ উদ্দিন সরকার

জেলা সমবায় কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)